

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে গাজীপুরের ১ টি কারখানাকে ১০.০১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এবং গাজীপুর জেলা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে গাজীপুর জেলার ৪ টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন এবং ২ টি কারখানাকে ৩ লক্ষ টাকা জরিমানা করেছে।

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ১৪/০৭/২০২০ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিলা ফেরদৌসী কর্তৃক শুনানী অনুষ্ঠিত হয়। শুনানী অন্তে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিত অবৈধভাবে কারখানা স্থাপনের অপরাধে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন সাটিয়াবাড়িতে অবস্থিত রিলেক্স প্যাকেজিং লিঃ নামক প্যাকেজিং কারখানাকে ১০ লক্ষ ১ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে। মহামারী করোনার মধ্যে এই শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

এছাড়াও তুরাগ নদীর দূষণ রক্ষায় পরিবেশ অধিদপ্তর, গাজীপুরের নেতৃত্বে আজ মঙ্গলবার ১৪/০৭/২০২০ খ্রি: তারিখ জেলা প্রশাসন, গাজীপুরের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট চৌধুরী মোস্তাফিজুর রহমান এর নেতৃত্বে পরিবেশ অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়ের সার্বিক সহযোগিতায় গাজীপুর জেলার টঙ্গী এলাকায় পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে দক্ষিণ শিলমুণ, টঙ্গী, গাজীপুর এ অবস্থিত গ্রিন টাচ ফ্যাশন কে ইটিপি ছাড়া ওয়াশিং কার্যক্রম পরিচালনা করে তুরাগ নদী দূষণ করায় ২ লক্ষ টাকা জরিমানা ধার্য পূর্বক সম্পূর্ণ আদায় করা হয়। একই দিনে স্মার্ট ডিজাইন নামক আরেকটি ওয়াশিং কারখানা বাইপাস লাইনের মাধ্যমে ওয়াশিং এর দূষিত বর্জ্য নির্গমন করে তুরাগ নদী দূষণ করায় ১ লক্ষ টাকা জরিমানা ধার্য পূর্বক আদায় করা হয়। এছাড়া একই এলাকার নিবিড় (পপুলার) ওয়াশিং, রুপসী ওয়াশিং, ফ্যাশন ডিজাইন ওয়াশিং, হোয়াইট হাউজ ওয়াশিং নামক চারটি ওয়াশিং কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে ফ্যাক্টরিগুলো বন্ধ করে দেয়া হয়। উক্ত অভিযানে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তর গাজীপুর জেলা কার্যালয়ের উপপরিচালক জনাব মোঃ আব্দুস সালাম সরকার, সহকারী পরিচালক জনাব মোঃ আশরাফ উদ্দিন, পরিদর্শক জনাব শেখ মোজাহীদ। আইনশৃঙ্খলা রক্ষায় উপস্থিত ছিলেন গাজীপুর আনসার ব্যাটালিয়ন এর সদস্যবৃন্দ। তুরাগ নদীসহ গাজীপুর জেলার সকল নদী ও খাল রক্ষায় পরিবেশ অধিদপ্তরের এই অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ১৪/০৭/২০২০ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।